তারিখ ... ৬।২।৮৩ ...
পৃষ্ঠা ... ৩ কলাম ৬ ...

ইত্তেফাক

036

# অষ্টম শ্রেণীর উপরে আরবী বাধ্যতামূলক থাকিবে না

—শিক্ষামন্ত্রী

ফরিদপুর, ৩রা ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতার টেলিফোন)—শিক্ষামন্ত্রী ডঃ এ মজিদ খান আজ স্থানীয় কবি জসীমউদ্দিন হলে সর্বস্তরের জনসাধারণের এক সমাবেশে বলেন যে, গত ৩৫ বৎসর যাবৎ চালু শিক্ষা ব্যবস্থা আমাদের সমাজে গ্রহণযোগ্য নহে। এই শিক্ষা ব্যবস্থা বাঁচিয়া থাকার প্রয়োজনীয় কর্মসংস্থানের নিশ্চয়তা দেয় না। আর এই কারণেই শিক্ষার প্রতি জনসাধারণের অনীহা বৃদ্ধি পাইতেছে। তাই বর্তমান সরকার নয়া শিক্ষা ব্যবস্থা চালু করিতে চান। প্রস্তাবিত শিক্ষা ব্যবস্থায় আরবী ভাষার উল্লেখ করিয়া তিনি বলেন, ধর্ম শিক্ষার প্রয়োজনে যতটুকু আরবীর দরকার উহাই পড়ানো হইবে। তবে অষ্টম শ্রেণীর উপরে আরবী ভাষা বাধ্যতামূলক থাকিবে না।

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## অষ্টম শ্রেণীর উপরে

(৩য় পৃঃ পর)

তিনি বলেন, কোন কোন মহল আরবী ভাষার প্রশ্ন তুলিয়া অযথা প্রস্তাবিত শিক্ষা নীতিতে ধূম্রজালের সৃষ্টি করিতেছেন।

### 'শিক্ষাব্যবস্থা ঢালিয়া সাজানো হইবে'

ভাঙ্গা (ফরিদপুর) হইতে বাসস জানায়, শিক্ষা ও ধর্মবিষয়ক মন্ত্রী ডঃ আবদুল মজিদ খান জাতির উন্নয়ন চাহিদা পূরণের লক্ষ্যে গোটা শিক্ষাব্যবস্থা ঢালিয়া সাজানোর ব্যাপারে সরকারের দৃঢ় প্রত্যয় পুনরুল্লেখ করিয়াছেন। তিনি বলেন, শিক্ষাক্ষেত্রে বর্তমান অবস্থার পরিবর্তন ছাড়া সাবিক উন্নয়নের কথাবার্তা অর্থহীন হইবে। তিনি বলেন, এই অবস্থার পরিবর্তন না করিতে পারিলে এমনকি জাতির অস্তিত্বই বিপন্ন হইয়া পড়িবে।

ডঃ খান আজ ভাঙ্গা পাইলট হাইস্কুল ময়দানে ভাঙ্গা কলেজ, ভাঙ্গা গার্লস হাইস্কুল এবং ভাঙ্গা পাইলট হাইস্কুলের শিক্ষক, ছাত্র ও অভিভাবকদের এক সমাবেশে ভাষণ দিতেছিলেন।